# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/২৪

তারিখ ঃ ০৮ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ
২২ মার্চ ২০১৮ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২২.০৩.২০১৮ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর মাল্টিপারপাস হলে বাংলাদেশের স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন কমিশনের চেয়ারম্যান ড.এম খায়রুল হোসেন। এছাড়াও, কমিশনের কমিশনারবৃন্দও উক্ত সভায় বক্তব্য প্রদান করেন। আলোচনা সভায় কমিশনের নির্বাহী পরিচালকবৃন্দ, পরিচালকবৃন্দসহ কমিশনের সকল গ্রেডের কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। আলোচনা অনুষ্ঠানে সূচনা বক্তব্য রাখেন কমিশনের নির্বাহী পরিচালক জনাব ফরহাদ আহমেদ এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন কমিশনের নির্বাহী পরিচালক ড. এ.টি.এম. তারিকুজ্জামান। সভায় স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে বাংলাদেশের উত্তরণে সাফল্যের জন্য মাননীয় প্রধানমন্ত্রীকে অভিনন্দন জ্ঞাপন করা হয়।

উল্লেখ্য, সাফল্য উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত শোভাযাত্রায় কমিশনের পক্ষ থেকে সকল শ্রেণীর কর্মচারীগণ অংশগ্রহণ করবেন।

22/03/2018

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২ ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬ ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.sec.gov.bd